# রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
## বার্ষিক পরীক্ষা-২০২৩
## শ্রেণি: ৯ম
## বিষয়: হিসাববিজ্ঞান (সৃজনশীল প্রশ্ন)

**১. বিক্রয় ১,০০,০০০ টাকা। পুরাতন আসবাবপত্র বিক্রয় ২০,০০০ টাকা, ব্যাংক হতে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা। মালিক কর্তৃক প্রদত্ত মূলধন ১,৫০,০০০ টাকা। এখানে মূলধনজাতীয় প্রাপ্তি কত হবে?**

ⓚ ৩,২০,০০০ টাকা ⓚⓗ ৩,০০,০০০ টাকা

ⓖ ২,২০,০০০ টাকা ⓖⓗ ১,৭০,০০০ টাকা

**২. নিচের কোনটি মূলধন জাতীয় ব্যয়?**

ক) জমি ক্রয় খ) পণ্য বিক্রয়লব্ধ অর্থ

গ) প্রাপ্ত কমিশন ঘ) বিনিয়োগের সুদ

**৩. একটি পুরাতন মেশিন ক্রয় করা হলো। এটি ব্যবহার উপযোগী করার জন্য ৯,০০০ টাকা ব্যয় হলো। এটি কোন জাতীয় ব্যয়?**

ক) মূলধন জাতীয় খ) মুনাফা জাতীয়

গ) বিলম্বিত মূলধন জাতীয় ঘ) বিলম্বিত মুনাফা জাতীয়

**৪. প্যাটেন্ট ও ট্রেডমার্ক কোন ধরনের লেনদেন?**

ক) মূলধন জাতীয় ব্যয় খ) মুনাফা জাতীয় ব্যয়

গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ঘ) কারবার ব্যয়

**৫. মূলধনজাতীয় ব্যয়–**

ক) অপৌনঃপুনিক খ) পৌনঃপুনিক

গ) নিয়মিত ঘ) বাস্তবে অস্তিত্ব নেই

**৬. ফ্রিজ ক্রয় কোন জাতীয় ব্যয়?**

ক) মূলধনজাতীয় ব্যয় খ) কারবারি ব্যয়

গ) মুনাফাজাতীয় ব্যয় ঘ) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়

**৭. শিক্ষানবিস সেলামি পাওয়া গেছে ৬,০০০ টাকা (১৫ মাসের জন্য)। এখানে মুনাফাজাতীয় আয় কত?**

ক) ৩,৫০০ টাকা খ) ৪,০০০ টাকা

গ) ৪,৫০০ টাকা ঘ) ৪,৮০০ টাকা

**৮. কোন জাতীয় ব্যয়ের উপযোগিতা পরবর্তী হিসাবকালেও পাওয়া যায়?**

ক) অপরিচালন আয় খ) মুনাফাজাতীয় ব্যয়

গ) মূলধনজাতীয় ব্যয় ঘ) পরিচালন ব্যয়

**৯. প্রাপ্ত সুদ, প্রাপ্ত বাট্টা, প্রাপ্ত কমিশন কোন ধরনের উদাহরণ?**

ক) মুনাফা জাতীয় ব্যয়ের খ) মোট ব্যয়ের হিসাব

গ) মুনাফা জাতীয় প্রাপ্তির ঘ) মূলধন জাতীয় প্রাপ্তির

**১০. কারবার পরিচালনার জন্য দৈনন্দিন খরচ কোন ধরনের লেনদেন?**

ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় খ) কারবারি ব্যয়

গ) মুনাফা জাতীয় ব্যয় ঘ) মূলধন জাতীয় ব্যয়

**১১. মুনাফা জাতীয় নিট ক্ষতি কোনটি?**

ক) বকেয়া আয় খ) সুদ প্রাপ্তি গ) অগ্রিম প্রাপ্ত আয় ঘ) অবচয়

**১২. মূলধনজাতীয় প্রাপ্তি–**

i. পণ্যের জন্য জাহাজ ভাড়া ii. ব্যাংক থেকে ঋণ গ্রহণ

iii. স্থায়ী সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩. ট্রেডমার্ক–**

i. মূলধন জাতীয় ব্যয় ii. ব্যবসায়ের সম্পদ

iii. মুনাফা জাতীয় ব্যয়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের–**

i. হিসাবকাল এক বছরের মধ্যে সীমাবদ্ধ

ii. চলতি হিসাবকালের অংশটুকু মুনাফা জাতীয় ব্যয় হিসেবে লিপিবদ্ধ করা হয়

iii. অবশিষ্ট অংশটুকু সাময়িকভাবে মূলধন জাতীয় ব্যয় হিসেবে লিপিবদ্ধ করা হয়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৫. ৫ বছরের জন্য বিজ্ঞাপন করা হয়েছে ২৫,০০০ টাকা। এখানে–**

i. মুনাফাজাতীয় ব্যয় ৫,০০০ টাকা

ii. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় ২০,০০০ টাকা

iii. মূলধনজাতীয় ব্যয় ২০,০০০ টাকা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**

বিক্রয় ১,০০,০০০ টাকা, ব্যাংক হতে ঋণ গ্রহণ ৪০,০০০ টাকা, পুরাতন আসবাবপত্র বিক্রয় ২০,০০০ টাকা, কমিশন প্রাপ্তি ৫,০০০ টাকা, মূলধন ৮০,০০০ টাকা।

**১৬. এখানে মূলধনাজাতীয় প্রাপ্তি কত?**

ক) ৬০,০০০ টাকা খ) ১,৪০,০০০ টাকা

গ) ১,২৫,০০০ টাকা ঘ) ১,২০,০০০ টাকা

**১৭. এখানে মুনাফাজাতীয় আয় কত?**

ক) ১,০০,০০০ টাকা খ) ১,০৫,০০০ টাকা

গ) ১,২৫,০০০ টাকা ঘ) ১,২০,০০০ টাকা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ – ২০ নং প্রশ্নের উত্তর দাও :**

জনি ২,০০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি ক্রয় করে শুল্ক বাবদ ১০,০০০ টাকা এবং বাহন বাবদ ৫,০০০ টাকা ব্যয় করেন। পরবর্তীতে তিনি যন্ত্রপাতিটি ২,৫০,০০০ টাকায় বিক্রয় করেন।

**১৮. যন্ত্রপাতি হিসাব কত টাকা লিপিবদ্ধ করতে হবে?**

ক) ২,৫০,০০০ খ) ২,১৫,০০০

গ) ২,১০,০০০ ঘ) ২,০৫,০০০

**১৯. মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ কত?**

ক) ২,৫০,০০০ খ) ২,১৫,০০০

গ) ২,২০,০০০ ঘ) ২,০৫,০০০

**২০. মূলধনজাতীয় আয়ের পরিমাণ কত?**

ক) ২,৫০,০০০ খ) ৫০,০০০ গ) ৩৫,০০০ ঘ) ১৫,০০০

**২১. অফিসের জন্য ঘড়ি ক্রয় করলে কোন হিসাবটি ডেবিট হবে?**

ক) অফিস সরঞ্জাম খ) অফিস সাপ্লাইজ

গ) মনিহারি ঘ) ক্রয়

২২. কোনটি অনুপার্জিত আয়?
ক) কমিশন খ) প্রাপ্য কমিশন
গ) প্রাপ্ত কমিশন ঘ) অগ্রিম প্রাপ্ত কমিশন

২৩. আধুনিক পদ্ধতিতে ডেবিট হবে—
ক) মূলধন বৃদ্ধি পেলে খ) আয় বৃদ্ধি পেলে
গ) ব্যয় হ্রাস পেলে ঘ) দায় হ্রাস পেলে

২৪. বিনিয়োগ কোন জাতীয় হিসাব?
ক) আয় খ) ব্যয় গ) সম্পদ ঘ) দায়

২৫. 'সুনাম হিসাব' কী ধরনের হিসাব?
ক) ব্যক্তিবাচক হিসাব খ) ব্যয় হিসাব
গ) সম্পদ হিসাব ঘ) দায় হিসাব

২৬. অফিসে ব্যবহারের জন্য কাগজ ও কালি ক্রয় করা হলে কোন হিসাব ডেবিট হবে?
ক) মনিহারি হিসাব খ) কাগজ ও অন্যান্য হিসাব
গ) ক্রয় হিসাব ঘ) কালি ও অন্যান্য হিসাব

২৭. কোনটি দায় হিসাব?
ক) পাওনাদার খ) দেনাদার গ) মূলধন ঘ) উত্তোলন

২৮. হিসাবের চলমান জের ছকে মোট কলাম সংখ্যা হল—
ক) ৬টি খ) ৭টি গ) ৮টি ঘ) ৯টি

২৯. চলমান জের ছক অনুসরণ করে হিসাবের উদ্বৃত্ত নির্ণয় করা হয়—
ক) সপ্তাহের শেষে খ) মাস শেষে
গ) প্রতিটি লেনদেন লিপিবন্ধকরণের পর ঘ) দিনের শেষে

৩০. অফিসে ব্যবহারের জন্য পিন, কালি–কলম, ক্লিপ ইত্যাদি ক্রয় করা হলে কোন হিসাবে লিপিবদ্ধ করা হবে?
ক) অফিস সাপ্লাইজ হিসাব খ) অফিস সরঞ্জাম হিসাব
গ) মনিহারি হিসাব ঘ) ক্রয় হিসাব

৩১. মালিকানা স্বত্বকে প্রভাবিত করে কোনটি?
ক) প্রদেয় বিল খ) বকেয়া বেতন
গ) পণ্য উত্তোলন ঘ) বিনিয়োগের সুদ

৩২. পণ্য আগুনে বিনষ্ট হলে কোন হিসাব ক্রেডিট হবে?
ক) বিবিধ ক্ষতি হিসাব খ) আগুনে বিনষ্ট পণ্য হিসাব
গ) সমাপনী মজুদ পণ্য হিসাব ঘ) ক্রয় হিসাব

৩৩. সাধারণত কোন হিসাব ডেবিট ব্যালেন্স হয়?
ক) মালিকানা স্বত্ব খ) দায় গ) আয় ঘ) ব্যয়

৩৪. একই শ্রেণিভুক্ত হিসাব—
i. বিলের অর্থ আদায় ii. বিলের মাধ্যমে ক্রয়
iii. বিলের মাধ্যমে বিক্রয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. হ্রাস পেলে ডেবিট হয়–
i. মালিকানা স্বত্ব ii. দায় iii. আয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii গ) i, ii ও iii

৩৬. একই শ্রেণিভুক্ত হিসাব—
i. বেতন ii. ক্রয় হিসাব iii. মনিহারি
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii খ) ii ও iii গ) i ও ii ঘ) i, ii ও iii

অনুচ্ছেদটি পড়ে ৩৭ ও ৩৮নং প্রশ্নের উত্তর দাও :—
জনাব মকবুল হোসেনের ব্যবসায়ে ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে– আসবাপত্রের ৫০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ১৫,০০০ টাকা, অগ্রিম বিমা সেলামি, ১,০০০ টাকা, বকেয়া বাড়ীভাড়া ৫০০ টাকা, দেনাদারের পরিমাণ ছিল ২০,০০০ টাকা।

৩৭. জনাব মকবুলের মোট সম্পত্তির পরিমাণ কত?
ক) ৫০,০০০ টাকা খ) ৭০,০০০ টাকা
গ) ৭১,০০০ টাকা ঘ) ৭২,৫০০ টাকা

৩৮. তাঁহার ব্যবসায়ে দায়ের পরিমাণ কত?
ক) ১,৫০০ টাকা খ) ১৫,০০০ টাকা
গ) ১৫,৫০০ টাকা ঘ) ৩৫,০০০ টাকা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :
জনাব খসরুর ব্যবসায়ে টাকার প্রয়োজন হওয়ায় তিনি কিছু পুরাতন যন্ত্রপাতি চেকে বিক্রয় করেন এবং ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন।

৩৯. জনাব খসরুর পুরাতন যন্ত্রপাতি বিক্রয়ের ফলে কোনটি ক্রেডিট হবে?
ক) নগদান হিসাব খ) বিক্রয় হিসাব
গ) যন্ত্রপাতি হিসাব ঘ) ব্যাংক হিসাব

৪০. উদ্দীপকের ব্যবসায়ের দায় বৃদ্ধির উৎস—
i. অভ্যন্তরীণ ii. বাহ্যিক iii. মালিকানা স্বত্ব
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i ও iii

৪১. লেনদেন সম্পর্কিত সকল তথ্য পাওয়া যায় কোন বইতে?
ক) জাবেদায় খ) খতিয়ানে গ) রেওয়ামিলে ঘ) নগদানে

৪২. নিচের কোনগুলো বিশেষ জাবেদা?
ক) ক্রয় জাবেদা, সমন্বয় জাবেদা
খ) সমাপনী জাবেদা, নগদ প্রদান জাবেদা
গ) নগদ প্রাপ্তি জাবেদা, নগদ প্রদান জাবেদা
ঘ) সমন্বয় জাবেদা, সমাপনী জাবেদা

৪৩. ব্যাংক হতে ৫,০০০ টাকা উত্তোলন করা হয়েছে। এখানে উত্তোলন কার পক্ষে বোঝানো হয়েছে?
ক) মালিকের খ) ব্যাংকের গ) প্রতিষ্ঠানের ঘ) দেনাদারের

৪৪. নিচের কোন লেনদেনটি ক্রয় জাবেদায় লিপিবদ্ধ করতে হয়?
ক) নগদে ক্রয় খ) সকল ধারে ক্রয়
গ) ধারে পণ্য ক্রয় ঘ) সকল ক্রয়

৪৫. কোনটি নগদ প্রাপ্তি জাবেদায় দেখাতে হয়?
ক) নগদে পণ্য ক্রয় খ) নগদে পণ্য বিক্রয়
গ) করিমের নিকট বিক্রয় ঘ) ধারে পণ্য বিক্রয়

৪৬. নিচের কোন খরচটি ক্রয় মূল্যের সাথে যোগ করা হয়?
ক) বিক্রয় পরিবহন খ) নগদ বাট্টা
গ) কারবারি বাট্টা ঘ) প্যাকিং খরচ

৪৭. নির্মাণাধীন দালানের বিদ্যুৎ সংস্থাপন বাবদ খরচ ১০,০০০ টাকা এ লেনদেনটির জন্য জাবেদায় ডেবিট হবে কোনটি?
ক) দালান কোঠা হিসাব খ) বিদ্যুৎ সংস্থাপন হিসাব
গ) বিদ্যুৎ বিল হিসাব ঘ) সাধারণ খরচ হিসাব

৪৮. বিনামূল্যে পণ্য বিতরণ ২০০০ টাকা। জাবেদা দাখিলা কী হবে?
ক) বিতরণ হিসাব ডেবিট, পণ্য হিসাব ক্রেডিট
খ) বিজ্ঞাপন হিসাব ডেবিট, পণ্য হিসাব ক্রেডিট
গ) বিজ্ঞাপন হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
ঘ) বিজ্ঞাপন হিসাব ডেবিট, বিতরণ হিসাব ক্রেডিট

৪৯. ধারে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা জাবেদায় ক্রেডিট হয় কোনটি?
ক) দেনাদার হিসাব খ) আসবাবপত্র হিসাব
গ) নগদান হিসাব ঘ) সরবরাহকারী হিসাব

৫০. প্রাপ্য ভাড়া ৫০০ টাকা। এর সঠিক জাবেদা কোনটি?
ক) ভাড়া হিসাব ডেবিট, প্রাপ্য ভাড়া হিসাব ক্রেডিট
খ) প্রাপ্য ভাড়া হিসাব ডেবিট, ভাড়া হিসাব ক্রেডিট
গ) প্রাপ্য ভাড়া হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
ঘ) নগদান হিসাব ডেবিট, প্রাপ্য ভাড়া হিসাব ক্রেডিট

৫১. জার্নাল শব্দের 'জার' শব্দটি কোথা থেকে উৎপন্ন হয়েছে?
ক) ইতালি খ) ফরাসি গ) গ্রিক ঘ) ফারসি

৫২. প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ হয়–

i. প্রারম্ভিক জাবেদা ii. সংশোধনী জাবেদা
iii. ক্রয় জাবেদা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৫৩. ক্রয় জাবেদা থেকে জানা যায়–**
i. মোট ক্রয়ের পরিমাণ ii. মোট ধারে ক্রয়ের পরিমাণ
iii. মোট পাওনাদারের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৫৪. ২/১০ নিট ৩০ দ্বারা বোঝায়–**
i. ১০ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ২% ছাড়
ii. ২ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ১০% ছাড়
iii. ৩০ দিনের মধ্যে মূল্য পরিশোধ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii


**৫৫. নগদ বাট্টা লাভজনক–**
i. পাওনাদারের জন্য ii. মালিকের জন্য iii. দেনাদারের জন্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৫৬. চেক প্রাপ্তি ৫০০ টাকা। জাবেদা–**
i. ব্যাংক হিসাব ডেবিট ii. চেক হিসাব ক্রেডিট
iii. দেনাদার হিসাব ক্রেডিট
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
রাজশাহীর মন্নু সন্স এর নিকট থেকে প্রতি কেজি ৮৫০ টাকা দরে ৫০ কুইন্টাল গম ক্রয় করেন। এতে গাড়ি ভাড়া বাবদ ব্যয় হয় ৫০০ টাকা। এক্ষেত্রে কারবারি বাট্টা ৫%।

**৫৭. উক্ত তথ্যের ভিত্তিতে গমের ক্রয়মূল্য কত?**
(ক) ৪২,৫০০ টাকা (খ) ৪৩,০০০ টাকা
(গ) ৪০,৯০০ টাকা (ঘ) ৪০,৮৭৫ টাকা

**৫৮. উক্ত তথ্যের ভিত্তিতে কারবারি বাট্টা কত?**
(ক) ২,১২৫ টাকা (খ) ২,১৫০ টাকা
(গ) ২,০০০ টাকা (ঘ) ২,১০০ টাকা

**নিচের ছকটির ভিত্তিতে ৫৯ ও ৬০ নং প্রশ্নের উত্তর দাও :**



**৫৯. শূন্যস্থানে ( ? ) কত % বসবে?**
(ক) ১৭% (খ) ২৭% (গ) ৩৭% (ঘ) ৬৭%

**৬০. শূন্যস্থানের লেনদেনটির জন্য কোন হিসাবকে ডেবিট করতে হবে?**
(ক) ব্যাংক হিসাব (খ) বিবিধ পাওনাদার হিসাব
(গ) বিবিধ দেনাদার হিসাব (ঘ) নগদান হিসাব

**৬১. Ledger শব্দের অর্থ কী?**
(ক) জাবেদা (খ) খতিয়ান (গ) লেনদেন (ঘ) হিসাব

**৬২. খতিয়ানের কাজ কী?**
(ক) সমজাতীয় লেনদেনগুলোকে শিরোনামের অধীনে স্থায়ীভাবে লিপিবদ্ধকরণ
(খ) লেনদেনগুলোর ব্যাখ্যা সহকারে স্থায়ীভাবে লিপিবদ্ধকরণ
(গ) সমজাতীয় হিসাবগুলোকে শিরোনামের অধীনে পাকাপাকিভাবে অন্তর্ভুক্তকরণ
(ঘ) বর্ণের ক্রমানুসারে হিসাবসমূহ প্রদর্শন করা

**৬৩. খতিয়ানের অপর নাম কী?**
(ক) লিপিবদ্ধকরণ (খ) শ্রেণিবদ্ধকরণ
(গ) ব্যাখ্যাকরণ (ঘ) স্থানান্তরকরণ

**৬৪. খতিয়ানের স্থানান্তর হিসাবচক্রের কোন পর্যায়?**
(ক) প্রথম (খ) দ্বিতীয় (গ) তৃতীয় (ঘ) চতুর্থ

**৬৫. নিচের কোনটি খতিয়ানের বৈশিষ্ট্য?**
(ক) প্রতিটি হিসাবের শিরোনাম না দেয়া হয়
(খ) লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করা হয়
(গ) খতিয়ানের উদ্বৃত্ত দ্বারা রেওয়ামিল প্রস্তুত করা হয়
(ঘ) খতিয়ানকে হিসাবের প্রাথমিক বই হিসেবে গণ্য করা হয়

**৬৬. হিসাবের গাণিতিক নির্ভুলতা যাচাই করতে সাহায্য করে কোনটি?**
(ক) জাবেদা (খ) প্রকৃত জাবেদা (গ) খতিয়ান (ঘ) রেওয়ামিল

**৬৭. খতিয়ান বই থেকে কোনটি তৈরি করা যায়?**
(ক) জাবেদা ও রেওয়ামিল (খ) জাবেদা ও চূড়ান্ত হিসাব
(গ) রেওয়ামিল ও চূড়ান্ত হিসাব (ঘ) নগদান ও রেওয়ামিল

**৬৮. খতিয়ান হতে ধারণা লাভ করা সম্ভব–**
i. ব্যবসায়ের মোট আয় ও ব্যয় সম্পর্কে
ii. ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ সম্পর্কে
iii. ব্যবসায়ের সামগ্রিক ফলাফল সম্পর্কে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৬৯. খতিয়ান হিসাবের–**
i. পাকা বই ii. প্রধান বই iii. স্থায়ী বই
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭০. লেনদেন প্রাথমিকভাবে জাবেদায় লেখার পর খতিয়ানে লেখা হয়–**
i. সারিবদ্ধভাবে ii. শ্রেণিবদ্ধভাবে iii. স্থায়ী বা পাকাভাবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭১. খতিয়ানের বৈশিষ্ট্য হচ্ছে–**
i. প্রতিটি হিসাবের শিরোনাম প্রদান করা হয়
ii. খতিয়ান উদ্বৃত্ত দ্বারা রেওয়ামিল প্রস্তুত করা হয়
iii. খতিয়ান হতে প্রাপ্ত উদ্বৃত্ত সংরক্ষিত হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ে সহায়তা করে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭২. খতিয়ানের বৈশিষ্ট্য হলো–**
i. পৃথক শিরোনাম ii. শ্রেণিবদ্ধকরণ iii. উদ্বৃত্তকরণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭৩. খতিয়ান প্রস্তুত করা যায়–**
i. 'T' ছকে ii. সমীকরণ ছকে iii. চলমান জের ছকে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৪ ও ৭৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ইরফান একজন ব্যবসায়ী। ২০২৩ সালের আগস্ট ১ তারিখে নগদ ২০,০০০ টাকার ও ৫০,০০০ টাকার পণ্য দ্রব্য নিয়ে কারবার শুরু করেন। তিনি পণ্য বিক্রয় করেন ১০,০০০ টাকার। প্রতিষ্ঠানের প্রয়োজনে পরবর্তী সময়ে নিজ আসবাবপত্র বিক্রয়ের পর টাকা আনয়ন করেন ২০,০০০ টাকা। তিনি এ সকল লেনদেন সঠিকভাবে খতিয়ান হিসাবে লিপিবদ্ধ করেন।

৭৪. জনাব ইরফান নগদান হিসাবের জের বা উদ্বৃত্ত কত হবে?
ক) ৪০,০০০ টাকা খ) ৫০,০০০ টাকা
গ) ৬০,০০০ টাকা ঘ) ৭০,০০০ টাকা

৭৫. জনাব ইরফান উল্লিখিত বই সংরক্ষণ করার কারণ-
i. দক্ষ ম্যানেজার বা হিসাবরক্ষক তৈরি করা
ii. লেনদেনগুলো স্থায়ীভাবে সংরক্ষণ করা
iii. আর্থিক তথ্য বিশ্লেষণ করে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করার জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭৬. খতিয়ান সংরক্ষণের অন্যতম প্রধান উদ্দেশ্য কোনটি?
ক) হিসাবের আর্থিক অবস্থা নির্ণয়
খ) হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই
গ) হিসাবের স্থায়ী সংরক্ষণ ঘ) দেনা-পাওনা নির্ণয়

৭৭. একজন ব্যবসায়ী খতিয়ান বই অবশ্যই তৈরি করবেন কেন?
ক) এটি লেনদেনকে সংক্ষিপ্ত হতে সাহায্য করে
খ) খতিয়ান কর্তৃক সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে ব্যবসায়ের পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণ করা যায়
গ) এটির মাধ্যমে নির্ভরযোগ্য ও সঠিক তথ্য পাওয়া যায় না
ঘ) এটি লেনদেনকে বিস্তৃত করে

৭৮. ব্যবসায় খতিয়ান হিসাব তৈরির প্রয়োজনীয়তা অন্যান্য সকল হিসাব বই তৈরির তুলনায় অধিক কেন?
ক) সংক্ষিপ্ত ও শ্রেণিবদ্ধভাবে লেখার জন্য
খ) ভবিষ্যৎ পরিকল্পনা তৈরি সহজ হয়
গ) নির্ভরযোগ্য ও সঠিক তথ্য জানা যা
ঘ) হিসাবের পাকা বই তাই

৭৯. খতিয়ানের মাধ্যমে জানা যায়—
i. মোট আয়–ব্যয়ের পরিমাণ ii. মোট সম্পদের পরিমাণ
iii. মোট দায়ের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮০. খতিয়ান সংরক্ষণের সুবিধা হলো—
i. সঠিক ফলাফল নির্ণয় ii. দেনা–পাওনা ও লাভ-ক্ষতি নির্ণয়
iii. আর্থিক অবস্থা নির্ণয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮১. ব্যবসায়ের প্রতিটি ক্ষেত্রে কী প্রয়োজন?
ক) ব্যাংক জমা খ) ব্যাংক জমাতিরিক্ত
গ) নগদ অর্থ ঘ) পাওনাদার

৮২. নগদ ও ব্যাংক সংক্রান্ত সকল লেনদেন প্রাথমিকভাবে লেখা হয় কোন বইয়ে?
ক) নগদান বইয়ে খ) জাবেদা বইয়ে
গ) খতিয়ান বইয়ে ঘ) পাস বইয়ে

৮৩. কোন বহির লেখা লেনদেন সম্পন্ন হওয়ার সাথে সাথেই সম্পন্ন করতে হয়?
ক) লেনদেন বহি খ) খতিয়ান বহি গ) নগদান বহি ঘ) ক্রয় বহি

৮৪. নগদান বই হলো—
i. সামগ্রিক লেনদেনের বই ii. প্রাথমিক হিসাবের বই
iii. জাবেদা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮৫. নগদান বইতে অন্তর্ভুক্ত করা হয়—
i. নগদ প্রাপ্তি
ii. নগদ প্রদান
iii. সকল প্রকার লেনদেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮৬. নগদান বহির আওতার বাইরে—
i. ধারে বিক্রয়
ii. সবুজের নিকট চেকে বিক্রয়
iii. আফসানা ট্রেডিং থেকে পণ্য ক্রয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮৭. একটি ব্যবসায়ের চালিকা শক্তি কী?
ক) পণ্য খ) নগদ অর্থ গ) চেক ঘ) চালান

৮৮. নিচের কোনটির যথাযথ ব্যবস্থাপনা ব্যতীত ব্যবসায় প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হয়?
ক) জনবলের খ) স্থায়ী সম্পদের
গ) নগদ অর্থের ঘ) যন্ত্রপাতির

৮৯. কোনটি নগদান বইয়ের ডেবিট দিকে লেখা হয়?
ক) নগদ প্রদানসমূহ খ) বাকিতে লেনদেনসমূহ
গ) সম্পত্তিসমূহ ঘ) নগদ প্রাপ্তিসমূহ

৯০. নগদ প্রদানসমূহ নগদান বইয়ের কোনদিকে লেখা হয়?
ক) ডেবিট খ) ক্রেডিট গ) উভয় ঘ) বাম

৯১. জাবেদা ও নগদান বইয়ের ছকে নিচের কোন মিলটি পাওয়া যায়?
ক) রসিদ নং খ) ভাউচার নং গ) চালান নং ঘ) খতিয়ান পৃষ্ঠা নং

৯২. কোন বৈশিষ্ট্যটির জন্য নগদান বইকে জাবেদা বলা হয়?
ক) উভয় পাশে খতিয়ান পৃষ্ঠা কলাম থাকে বলে
খ) লেনদেনসমূহ ব্যাখ্যাসহ লিপিবদ্ধ করার জন্য
গ) লেনদেনসমূহ প্রাথমিকভাবে লিপিবদ্ধ করার জন্য
ঘ) লেনদেনসমূহ ডেবিট-ক্রেডিট বিশ্লেষণ করে লিপিবদ্ধ করার জন্য

৯৩. হিসাবের প্রাথমিক বই হওয়া সত্ত্বেও পাকা বহির ন্যায় কাজ করে কোনটি?
ক) জাবেদা খ) খতিয়ান গ) নগদান বই ঘ) প্রকৃত জাবেদা

৯৪. নগদান বইয়ের উদ্বৃত্ত বলতে কী বোঝায়?
ক) নগদান বইয়ের দুই দিকের পার্থক্য
খ) নগদান বইয়ের ডেবিট দিকের ব্যালেন্স
গ) নগদান বইয়ের ক্রেডিট দিকের ব্যালেন্স
ঘ) নগদান বইয়ের দুই পার্শ্ব সমান হওয়া

৯৫. কিসের পার্থক্য নির্ধারণের মাধ্যমে নগদ উদ্বৃত্ত জানা যায়?
ক) নগদ প্রাপ্তি ও প্রদেয় খ) নগদ প্রদান ও প্রাপ্য
গ) নগদ প্রাপ্তি ও প্রদান ঘ) প্রাপ্য ও প্রদেয়

৯৬. নগদান বই রাখা হলে কোনটি সহজে ধরা পড়ে?
ক) ভুলভ্রান্তি খ) নগদ উদ্বৃত্ত গ) ব্যাংক উদ্বৃত্ত ঘ) বাট্টার উদ্বৃত্ত

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৭ ও ৯৮ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব শাহীন ২০১৪ সালের মে মাসের ১ তারিখে নগদ ৩০,০০০ টাকা ও ব্যাংকে ২০,০০০ টাকা নিয়ে কাপড়ের ব্যবসায় আরম্ভ করেন। তিনি কাপড় বিক্রি বাবদ নগদ ২,০০০ টাকা পেলেন। নগদে ৩,০০০ টাকার কাপড় ক্রয় করেন। নগদে আসবাবপত্র কিনলেন ৪,০০০ টাকা। হিসাব শেষে নগদ যা থাকার কথা তার থেকে ১,০০০ টাকা কম পাওয়া গেল।

৯৭. জনাব শাহীনের দিন শেষে নগদ উদ্বৃত্ত কোন দিকে হবে?
ক) ক্রেডিট খ) ডেবিট গ) দায় ঘ) সম্পদ

৯৮. উদ্দীপকটিতে হিসাবের জের থেকে হাতে নগদ জমার পরিমাণ কম হওয়ার সম্ভাব্য কারণ কী হতে পারে?
ক) হিসাবের ভুল, তহবিল তছরূপ, জালিয়াতি হওয়া
খ) প্রতিষ্ঠানের ক্যাশ বাক্স ছোট, পুরাতন হওয়া
গ) প্রতিষ্ঠানে তিনঘরা নগদান বই সংরক্ষণ করা
ঘ) ক্যাশিয়ার ও মালিক একই ব্যক্তি হওয়া

৯৯. উদ্দীপকে উল্লিখিত নগদান বইয়ের ডেবিট উদ্বৃত্ত কত হবে?
ক) ৫০,৫০০ টাকা খ) ৫১,০০০ টাকা
গ) ৭৪,০০০ টাকা ঘ) ৮২,৫০০ টাকা

১০০. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা না হলে রাহুল ব্রাদার্স যে সকল সমস্যায় পরতে পারে—
i. ব্যাংক বিবরণী নগদান বইয়ের আমিল সংশোধন করা যাবে না
ii. হিসাবের শুদ্ধতা, গ্রহণযোগ্যতা ও বিশ্বাসযোগ্যতা হ্রাস পাবে

iii. ব্যাংকের সাথে লেনদেন বন্ধ হয়ে যাবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১০১. খতিয়ান তৈরির পর কী তৈরি করতে হয়?**
ক) আর্থিক বিবরণী খ) নগদান গ) রেওয়ামিল ঘ) জাবেদা

**১০২. কোন বই সংরক্ষণ করা বাধ্যতামূলক নয়?**
ক) খতিয়ান খ) নগদান গ) রেওয়ামিল ঘ) আর্থিক বিবরণী

**১০৩. কোনটি হিসাব ব্যবস্থার কোনো অঙ্গ নয়?**
ক) নগদান বই খ) উদ্বৃত্তপত্র গ) রেওয়ামিল ঘ) খতিয়ান

**১০৪. কোনটি হিসাব ব্যবস্থার কোনো অঙ্গ না হলেও হিসাবচক্রের একটি ধাপ?**
ক) জাবেদা খ) খতিয়ান গ) চূড়ান্ত হিসাব ঘ) রেওয়ামিল

**১০৫. কোনো নির্দিষ্ট তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলের ডেবিট ও ক্রেডিট দিকের যোগফল অসমান হলে কোনটি বুঝতে হবে?**
ক) লেনদেনসমূহ সঠিকভাবে হিসাব সংরক্ষণে ত্রুটি আছে
খ) দু'তরফা দাখিলা অনুসারে হিসাব সংরক্ষণে ত্রুটি আছে
গ) হিসাবরক্ষক হিসাবকার্য সম্পাদনে এতটা দক্ষ নয়
ঘ) লেনদেনসমূহ সঠিকভাবে খতিয়ানভুক্ত হয়েছে

**১০৬. রোকসানা টেক্সটাইল ২০১৫ সালের ৩১শে ডিসেম্বর খতিয়ানের উদ্বৃত্তসমূহ থেকে রেওয়ামিল প্রস্তুত করার পর দেখতে পেল ডেবিট দিকের যোগফল ৫,০০০ টাকা কম। এটির মাধ্যমে কোনটি প্রকাশ পায়?**
ক) অনিশ্চিত হিসাব লিখতে হবে
খ) আর্থিক বিবরণীতে ভুল আছে
গ) হিসাব সঠিক আছে
ঘ) হিসাবরক্ষণে গাণিতিক সঠিকতা রক্ষা হয়নি

**১০৭. ব্যবসায়ের লাভ ক্ষতি ও আর্থিক অবস্থা নির্ণয়ের পূর্বে কী যাচাই করা একান্ত প্রয়োজন?**
ক) লেনদেন খ) লিপিবদ্ধকৃত হিসাবের নির্ভুলতা
গ) লেনদেনের ডেবিট ক্রেডিট ঘ) সম্পদ ও দায়

**১০৮. প্রস্তুতকৃত বিবরণীর সঠিক তথ্য প্রাপ্তিতে কোনটি জরুরি?**
ক) ব্যাখ্যা খ) লেনদেনের উৎস
গ) লাভ-লোকসান নির্ণয় ঘ) গাণিতিক শুদ্ধতা

**১০৯. রেওয়ামিল প্রস্তুত দ্বারা কোনটি সহজেই উদঘাটিত হয়?**
ক) শুদ্ধতা খ) নির্ভুলতা গ) ভুল ঘ) নির্দিষ্টতা

**১১০. রেওয়ামিল কিসের মধ্যে যোগসূত্র স্থাপন করে?**
ক) জাবেদা ও খতিয়ান খ) খতিয়ান ও চূড়ান্ত হিসাব
গ) খতিয়ান ও নগদান হিসাব ঘ) নগদান ও চূড়ান্ত হিসাব

**১১১. ব্যবসায়ের লাভ-ক্ষতি ও আর্থিক অবস্থা নির্ণয়ের পূর্বে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা না হলে কোনটি ঘটবে?**
ক) প্রস্তুতকৃত বিবরণী সম্পদ কমমূল্যে প্রকাশ করবে
খ) প্রস্তুতকৃত বিবরণী সঠিক নিট লাভ প্রকাশ করবে না
গ) প্রস্তুতকৃত বিবরণী সঠিক তথ্য প্রকাশ করবে না
ঘ) প্রস্তুতকৃত বিবরণী সঠিক তথ্য নাও প্রকাশ করতে পারে

**১১২. তানিয়া তার প্রতিষ্ঠানের খতিয়ান হিসাবসমূহের উদ্বৃত্তগুলো নিয়ে রেওয়ামিল প্রস্তুত করলে ডেবিট ও ক্রেডিট যোগফল সমান হয়। এ থেকে কী প্রমাণিত হয়?**
ক) তিনি লেনদেনসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ করেছেন
খ) তিনি লেনদেনসমূহ সঠিকভাবে খতিয়ানভুক্ত করেছেন
গ) তিনি হিসাবকার্য গাণিতিকভাবে নির্ভুল করেছেন
ঘ) তিনি হিসাবসমূহ নির্ভুলভাবে সংরক্ষণ করেছেন

**১১৩. হিসাবচক্রের কোন কাজটিকে সংক্ষিপ্তকরণ বলা যায়?**
ক) রেওয়ামিল প্রস্তুতকরণ খ) খতিয়ান প্রস্তুতকরণ
গ) জাবেদাভুক্তকরণ ঘ) চূড়ান্ত হিসাব প্রণয়ন

**১১৪. আর্থিক বিবরণীর খসড়া স্বরূপ ব্যবহার করা হয় কোনটি?**
ক) রেওয়ামিল খ) সমন্বয় দাখিলা
গ) সমাপনী দাখিলা ঘ) কার্যপত্র

**১১৫. রেওয়ামিল প্রস্তুতের ফলে—**
i. সহজেই ভুল উদঘাটিত হয় ii. হিসাবের শ্রেণি নির্ণয় করা যায়
iii. ভুল সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১১৬. লিপিবদ্ধকৃত হিসাবের নির্ভুলতা যাচাই প্রয়োজন হয়—**
i. ব্যবসায়ের লাভ-ক্ষতি নির্ণয়ের পূর্বে
ii. আর্থিক অবস্থা নির্ণয়ের পূর্বে iii. ব্যবসায়ের দায় অনুমানে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৭ ও ১১৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ফেরদৌস ২০১৫ সালের ৩১ মে একটি পৃথক কাগজে তার খতিয়ান হিসাবের জেরগুলোকে ডেবিট ও ক্রেডিট এই দুই ভাগে বিভক্ত করে একটি বিবরণী প্রস্তুত করেন। বিবরণীর ডেবিট ও ক্রেডিট দিকের যোগফল মিলে যাওয়ায় তিনি ধরে নেন তার হিসাবে কোনো গাণিতিক ভুল নেই।

**১১৭. জনাব ফেরদৌসের প্রস্তুতকৃত বিবরণীটির নাম কী?**
ক) জাবেদা খ) খতিয়ান গ) নগদান বই ঘ) রেওয়ামিল

**১১৮. জনাব ফেরদৌসের উক্ত বিবরণী প্রস্তুতের যথার্থ কারণ হলো-**
i. খতিয়ান হিসাবগুলোর গাণিতিক নির্ভূলতা যাচাই করা
ii. খতিয়ান হিসাবগুলো স্থায়ীভাবে লিপিবদ্ধ করা
iii. খতিয়ান হিসাবের ভুল উদ্ঘাটন ও সংশোধন করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১১৯. রেওয়ামিলের মূল উদ্দেশ্য কী?**
ক) বিশদ আয় বিবরণী প্রস্তুত করা
খ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করা
গ) হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা
ঘ) সময় ও শ্রমের অপচয় রোধ করা

**১২০. রেওয়ামিলের মুখ্য উদ্দেশ্য কোনটি?**
ক) জাবেদা ও খতিয়ানে লেনদেনগুলো সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা তা যাচাই করা
খ) আর্থিক বিবরণী প্রস্তুত সহজতর করা
গ) জাবেদা ও খতিয়ানে ভুলত্রুটি থাকলে উৎঘাটন ও সংশোধন করা
ঘ) জাবেদা ও খতিয়ানে লেনদেন লিপিবদ্ধ হয়েছে কিনা তা নিশ্চিত করা

# অধ্যায়-৪-মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন

১। জনাব রহমানের ব্যবসায়ে মার্চ, ২০২৩ সালের কতিপয় লেনদেন নিম্নরূপঃ—

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| ব্যবসায় মূলধন আনয়ন | ৪,০০,০০০ | ক্রয় পরিবহন | ৫,০০০ |
| পণ্য ক্রয় | ৩,৫০,০০০ | ব্যাংক হতে ঋণ গ্রহণ | ২,৫০,০০০ |
| একটি ফ্রিজ ক্রয় | ৪৫,০০০ | কমিশন প্রদান | ৩,০০০ |
| ফ্যান ক্রয় | ২,০০০ | পণ্য বিক্রয় | ৪,২৫,০০০ |
| প্রদত্ত ঋণের সুদ প্রাপ্তি | ৫,০০০ | ব্যাংক চার্জ | ১,০০০ |
| একটি পুরানো ফ্রিজ বিক্রয়জনিত লাভ | ২,৫০০ | শিক্ষানবিস সেলামি | ৪০,০০০ |

ক) জনাব রহমানের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২

খ) জনাব রহমানের ব্যবসায়ের যে সকল লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ নির্ণয় কর। ৪

গ) জনাব রহমানের মূলধন জাতীয় প্রাপ্তি ও মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৪

**২। জনাব ইদ্রিস আলীর ব্যবসায়ের ২০২২ সালের মার্চ নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :**

**২০২২–মার্চ– ১ নতুন মেশিন ক্রয় ৫০,০০০ টাকা।**
**২ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৪,০০০ টাকা।**
**৪ নিউ মার্কেট হতে ধানমন্ডি ব্যবসায় স্থানান্তর ব্যয় ১৫,০০০ টাকা।**
**৮ পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ২,০০০ টাকা।**
**১২ বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।**
**১৪ বিদ্যুৎ বিল পরিশোধ ২,০০০ টাকা।**
**১৬ বিজ্ঞাপন খরচ প্রদান (৩ বছরের জন্য) ১৮,০০০ টাকা।**
**২০ নতুন ক্রীত মেশিন মেরামত ব্যয় ৩,০০০ টাকা।**

ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ) মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) ১ তারিখে ক্রীত মেশিন ৬০,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত হবে? ৪

**৩। জনাব রফিকুল ইসলাম একজন ব্যবসায়ী। ২০২৩ সালের জুন মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :**

জুন ১ ব্যাংক হতে ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ।
" ৫ নগদে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা।
" ১২ অফিসের জন্য বাকিতে আলমারি ক্রয় ২০,০০০ টাকা।
" ২৫ কর্মচারী রায়হানকে জুন মাসের বেতন পরিশোধ ৩,০০০ টাকা।
" ২৮ ব্যবসায়ের পুরাতন মোটর গাড়ি বিক্রয় ৭০,০০০ টাকা।
" ৩০ ব্যাংকে জমাকৃত অর্থের উপর সুদ প্রাপ্তি ৫০০ টাকা।

ক) জনাব রফিকুল ইসলামের মূলধন জাতীয় প্রাপ্তি কত? ২

খ) জনাব রফিকুল ইসলামের মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা প্রমাণ কর যে, $A = L + E$. ৪

**৪। জনাব আতাউর রহমান বেঙ্গাল ইঞ্জিনিয়ারিং ফার্ম–এর মালিক। ২০২২ সালের ৩১ মার্চ বেঙ্গাল ইঞ্জিনিয়ারিং ফার্ম এর হিসাবের বই থেকে নিম্নোক্ত তথ্য পাওয়া গেল :**

১.ব্যবসায়ে মূলধন আনয়ন ৩,০০,০০০ টাকা
২. পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ৭৫,০০০ টাকা
৩. ভাড়া প্রদান ৭৫০ টাকা।
৪. বৈদ্যুতিক খরচ (যার মধ্যে আছে নতুন বিদ্যুৎ ক্যাবল ৬,০০০ টাকা) ৮,৭০০ টাকা।
৫. আনয়ন ভাড়া (যার মধ্যে ৫,০০০ টাকা আছে নতুন সিমেন্ট মিক্চার আনয়নে) ৭,৫০০ টাকা।
৬. ড্রিলিং মেশিন ক্রয় ৪,১০০ টাকা।

ক) মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২

খ) মূলধন জাতীয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪

গ) জনাব আতাউর রহমানের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

**৫। সুবর্ণা এন্টারপ্রাইজ একটি পাইকারি ব্যবসায়ের প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন। ২০২১ সালে প্রতিষ্ঠানটির লেনদেনগুলো ছিল নিম্নরূপ :**

| | |
|---|---|
| মালিক কর্তৃক সরবরাহকৃত মূলধন | ৫০,০০০ টাকা |
| আসবাবপত্র ক্রয় | ১৫,০০০ টাকা |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ২,০০০ টাকা |
| বিদ্যুৎ সংযোগ ব্যয় | ১৮,০০০ টাকা |
| বিজ্ঞাপন বাবদ এনটিভি কে প্রদান | ২০,০০০ টাকা |
| প্রচারের জন্য সাইন বোর্ড লাগানো খরচ | ৫,০০০ টাকা |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ৮,০০০ টাকা |
| একটি ডেলিভারি ভ্যান ক্রয় | ৬০,০০০ টাকা |
| ক্রয়কৃত ডেলিভারি ভ্যানের পরিবহন খরচ | ৩,০০০ টাকা |

ক) ২০১৫ সালে সুবর্ণা এন্টারপ্রাইজের বিজ্ঞাপন ব্যয়ের পরিমাণ কত? ২

খ) সুবর্ণা এন্টারপ্রাইজের মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয় নির্ণয় কর। ৪

গ) সুবর্ণা এন্টারপ্রাইজের ক্রয়কৃত ডেলিভারি ভ্যানটি ২৫,০০০ টাকায় বিক্রয় করলে মূলধন জাতীয় আয় বা ক্ষতির পরিমাণ কত হবে

**৬। জনাব হারুন জানুয়ারি ১, ২০২৩ তারিখে আইন ব্যবসায়। তার প্রথম মাসের লেনদেনগুলো নিম্নরূপ :**

জানুয়ারি ১ আইন পেশায় ৫০,০০০ টাকা বিনিয়োগ করেন।
জানুয়ারি ২ অফিস ভাড়া পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।
জানুয়ারি ৩ ধারে ল বই ক্রয় ২০,০০০ টাকা।
জানুয়ারি ১০ মক্কেলদের নগদে আইনি সেবা প্রদান ১০,০০০ টাকা।
জানুয়ারি ১৫ ব্যক্তিগত তহবিল থেকে কর্মচারীদের বেতন প্রদান ৮,০০০ টাকা।
জানুয়ারি ২০ ঋণ নেওয়া হলো ২০,০০০ টাকা।
জানুয়ারি ২৪ ধারে আইনি সেবা দেয়া হলো ৮,০০০ টাকা।

ক) আইন ব্যবসায়ে বিনিয়োগের পরিমাণ কত? ২

খ) বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

গ) মূলধন জাতীয় প্রাপ্তি ও মুনাফা জাতীয় প্রাপ্তির ব্যবধান কত? ৪

# অধ্যায়-৫-হিসাব

**৭। জনাব হায়দার একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ঢাকার আজিমপুরে তার একটি ডিপার্টমেন্টাল স্টোর রয়েছে। ২০২৩ সালের মার্চ মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিলো নিম্নোরূপ :**

১. মালিক কর্তৃক ব্যবসায়ে আসবাবপত্র আনয়ন ৫,০০০ টাকা।
২. বিমলের নিকট হতে পণ্য ক্রয় ৭,০০০ টাকা।
৩. বাকিতে পণ্য বিক্রয় ৯,০০০ টাকা।
৪. বিমলকে ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়া হলো ১,০০০ টাকা।
৫. বাকিতে বিক্রিত পণ্য ফেরত পাওয়া গেল ২,০০০ টাকা।
৬. ভাড়া অগ্রিম প্রদান ৩,০০০ টাকা।
৭.ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা।
৮. রমজানের নিকট হতে ঋণ গ্রহণ ৬,০০০ টাকা।
৯. বিমলকে পরিশোধ ৩,০০০ টাকা।
১০. দোনাদার হতে প্রাপ্তি ৫,০০০ টাকা।

ক) ১, ২, ৩ ও ৭ নং লেনদেনের ভিত্তিতে E এর পরিমাণ নির্ণয় কর। ২

খ) জনাব হায়দারের মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় কর। ৪

গ) ছক অনুসরণ করে ১, ৪, ৬, ৮ ও ৯ নং লেনদেনের ডেবিট ও ক্রেডিট পক্ষ এবং হিসাবের শ্রেণিবিভাগ কারণসহ লেখ। ৪

**৮। ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে জনাব বরুনের ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ:**

| ২০২২ সাল | | টাকা |
|---|---|---|
| ফেব্রুয়ারি ১ | কারবারে মূলধন আনয়ন করলেন | ১৫,০০০ |
| ফেব্রুয়ারি ৫ | ইমনের নিকট হতে মাল ক্রয় | ১০,০০০ |
| ফেব্রুয়ারি ১০ | যন্ত্রপাতি ক্রয় করা হলো | ২,০০০ |
| ফেব্রুয়ারি ২০ | মাল বিক্রয় করা হলো | ৭,০০০ |
| ফেব্রুয়ারি ২৮ | বিজ্ঞাপন বাবদ প্রদত্ত হলো | ৫০০ |

ফেব্রুয়ারি ২৯ মনিহারি দ্রব্যাদি ক্রয় ১০০

ক) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মালিকানা স্বত্ব হ্রাসের পরিমাণ নির্ণয় কর। ২

খ) প্রতিটি লেনদেনের সহিত সংশ্লিষ্ট ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত কর। ৪

গ) লেনদেন সংশ্লিষ্ট হিসাবসমূহ কোন শ্রেণির হিসাবে অন্তর্ভুক্ত হবে তা ছক আকারে উপস্থাপন কর। ৪

**৯। ২০২১ সালের এপ্রিল মাসে জনাব নাবিলের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :**

| ২০২১ সাল | | টাকা |
|---|---|---|
| এপ্রিল | ১ আলমের নিকট হতে বিক্রয় বাবদ নগদ পাওয়া গেল | ৪,০০০ |
| এপ্রিল | ৩ রাশেদের নিকট হতে মাল ক্রয় | ১০,০০০ |
| এপ্রিল | ৭ ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন | ৫০০ |
| এপ্রিল | ১৫ বিজ্ঞাপন বাবদ প্রদান করা হলো | ৩,০০০ |
| এপ্রিল | ১৮ রাশেদকে চেকে প্রদত্ত হলো | ৬,০০০ |
| এপ্রিল | ২০ ডি. সিলভার নিকট হতে ঋণ নেয়া হলো | ৮,০০০ |

ক) উপরিউক্ত তথ্যের আলোকে সম্পদ হ্রাসের পরিমাণ নির্ণয় কর। ২

খ) উক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪

গ) উক্ত লেনদেনগুলোর দ্বারা হিসাব সমীকরণের পরিবর্তনের পরিমাণ ছকের সাহায্যে দেখাও। ৪

**১০। জনাব আলিম একজন বিশিষ্ট শিল্প ব্যবসায়ী। ২০২৩ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :**

জানুয়ারি ১ মূলধন আনয়ন ২,০০,০০০ টাকা।
জানুয়ারি ৭ আসবাবপত্র ক্রয় ৫০,০০০ টাকা।
জানুয়ারি ১২ আসবাবপত্র বিক্রয় ৩০,০০০ টাকা।
জানুয়ারি ৩০ ব্যাংকে জমা দান ১৫,০০০ টাকা।
জানুয়ারি ৩১ বেতন প্রদান ১০,০০০ টাকা।

ক) নিট আসবাবপত্রের পরিমাণ কত? ২

খ) ৩১ জানুয়ারি তারিখে জনাব আলিমের হাতে নগদের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) উপরিউক্ত লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট কারণসহ নির্ণয় কর। ৪

**১১। জনাব শ্যামল চন্দ্র একজন কাপড় ব্যবসায়ী। ২০২১ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপঃ**

ডিসেম্বর ১ নগদ ২,০০,০০০ টাকা মূলধন স্বরূপ ব্যবসায়ে আনা হলো।
ডিসেম্বর ৩ ব্যাংক থেকে ঋণ গ্রহণ করা হলো ১৫,০০০ টাকা।
ডিসেম্বর ১২ ২৫,০০০ টাকার কাপড় ক্রয় করা হলো।
ডিসেম্বর ২৪ কর্মচারী রতনকে বেতন প্রদান করা হলো ৮,০০০ টাকা।
ডিসেম্বর ৩১ নগদে কমিশন প্রাপ্তি ৬,০০০ টাকা।

ক) ডিসেম্বর মাসের মোট নগদ প্রদানের পরিমাণ কত? ২

খ) উপরিউক্ত লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাব ও হিসাবের শ্রেণি উল্লেখ কর। ৪

গ)'সম্পদ বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি', 'সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি,' 'সম্পদ বৃদ্ধি ও রেভিনিউ বৃদ্ধি,' 'সম্পদ হ্রাস ও ব্যয় বৃদ্ধি,' –এই অবস্থাগুলোর সাথে উপরিউক্ত লেনদেনগুলোর মিলকরণ কর। ৪

**১২। জনাব সাইফুল একটি এক মালিকানা প্রতিষ্ঠানের মালিক। তার প্রতিষ্ঠানের ২০২২ সালের জানুয়ারি মাসের নিম্নোক্ত লেনদেনগুলো সংরক্ষিত হয়।**

জানুয়ারি ১ ব্যবসায় শুরুতে মূলধন হিসেবে আসবাবপত্র আনয়ন ২৫,০০০ টাকা।
জানুয়ারি ৩ বাকিতে পণ্য বিক্রয় ১১,০০০ টাকা।
জানুয়ারি ৫ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ২,৩০০ টাকা।
জানুয়ারি ১০ রাজনের নিকট ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়া হলো ২,০০০ টাকা।
জানুয়ারি ১৮ ভাড়া অগ্রিম প্রদান ৬,০০০ টাকা।
জানুয়ারি ২৫ দেনাদার থেকে প্রাপ্তি ১১,০০০ টাকা।

ক) জানুয়ারি ১, ৩ ও ৫ তারিখের লেনদেনের সাহায্যে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ) ৩, ৫, ১০ ও ২৫ তারিখের লেনদেনের সাথে হিসাব সমীকরণের কোন কোন উপাদান জড়িত তা উল্লেখ কর। ৪

গ) ১, ৩, ১৮, ২৫ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবগুলোর শ্রেণি নির্ণয় কর। ৪

# অধ্যায়-৬-জাবেদা

**১৩। আফজাল একজন ব্যবসায়ী। ২০২৩ সালের এপ্রিল মাসে তাঁর ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছিল–**

এপ্রিল ১ দেনাদার হতে চেক প্রাপ্তি যা সঙ্গে সঙ্গে ব্যাংকে জমা দান ৮,০০০ টাকা।
এপ্রিল ৩ মারুফের নিকট হতে ঋণ গ্রহণ ২০,০০০ টাকা।
এপ্রিল ৫ আন্তঃফেরত ৫০০ টাকা।

এপ্রিল ৮ পুরাতন আসবাবপত্র বিক্রয় ২,০০০ টাকা।
এপ্রিল ১০ দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়।
এপ্রিল ১২ ব্যাংক কর্তৃক প্রদেয় বিলের অর্থ পরিশোধ ৩,০০০ টাকা।
এপ্রিল ১৫ অফিসের জন্য চেয়ার ও টেবিল ক্রয় ৭,০০০ টাকা।
এপ্রিল ১৮ বিনিয়োগের সুদ আদায় হলো ১,০০০ টাকা।
এপ্রিল ২০ কমিশন অনাদায়ী ৬০০ টাকা।
এপ্রিল ২২ ব্যাংক হতে উত্তোলন ৪,০০০ টাকা।
এপ্রিল ২৫ পাওনাদারকে চেকে পরিশোধ ৬,৫০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা।
এপ্রিল ৩০ আসবাবপত্রের উপর অবচয় ধার্য কর ৮০০ টাকা।

ক) ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ নির্ণয় কর। ২
খ) জনাব আফজালের নগদ লেনদেনসমূহের জাবেদা দাখিলা দেখাও। ৪
গ) অনগদ লেনদেনসমূহকে হিসাবের প্রাথমিক বইতে লিপিবন্ধ কর। ৪

**১৪। জনাব শাহজাহান ঢাকার কাওরান বাজারের একজন পাইকারি ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০২২ সালের নভেম্বর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ–**

নভেম্বর ১ মিলি স্টোরস, ঢাকা এর নিকট প্রতি কেজি ১০০ টাকা করে ৫০ কেজি মুশুর ডাল বিক্রয়। কারবারি বাট্টা ২%। চালান নং ২৫৩। শর্ত : ৩/১০, নিট ২০।
নভেম্বর ৫ জনি ট্রেডার্সের নিকট হতে প্রতি পাউন্ড ২০০ টাকা করে ৫০০ পাউন্ড চা ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-৫৩৩। শর্ত : ৩/১৫, নিট ৩০।
নভেম্বর ৮ রতন স্টোরস এর নিকট প্রতি পাউন্ড ২২০ টাকা করে ১০০ পাউন্ড চা বিক্রয়। বাট্টা ৩%। চালান নং ২৫৪।
নভেম্বর ১২ জাফর ব্রাদার্সের নিকট হতে প্রতি লিটার ১২০ টাকা করে ৩০০ লিটার সয়াবিন তেল ক্রয়। কারবারি বাট্টা ৪%। চালান নং ৫৩৪।
নভেম্বর ১৫ শিকদার এন্ড সন্স এর নিকট প্রতি বস্তা ২,০০০ টাকা করে ১০০ বস্তা আটা বিক্রয়। কারবারি বাট্টা ৩%। চালান নং-২৫৫।
নভেম্বর ২০ রাত্না ট্রেডার্সের নিকট হতে প্রতি প্যাকেট ৩৫০ টাকা করে ৫০ প্যাকেট গুঁড়া দুধ ক্রয়। কারবারি বাট্টা ২% এবং চালান নং ৫৩৫।

ক) নভেম্বর ১ তারিখের ভিত্তিতে একটি চালান প্রস্তুত কর। ২
খ) উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে জনাব শাহজাহানের একটি ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ) উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে জনাব শাহজাহানের একটি বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

**১৫। ফাতেমা স্টোরস–এ ২০১৪ সালের এপ্রিল মাসে নিম্নোক্ত ফেরতসমূহ সংঘটিত হয়েছে–**

এপ্রিল ৩ রাতুল ট্রেডার্স–এর নিকট হতে প্রাপ্তি প্রতি প্যাকেট ২৫০ টাকা করে ১০ প্যাকেট গুঁড়া দুধ মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৩%, ক্রেডিট নোট নং–১৬৫।
এপ্রিল ৯ জামান এন্ড সন্স–এর নিকট প্রতি কেজি ৫০ টাকা করে ৪০ কেজি ডিটারজেন্ট নিম্নমানের হওয়ায় ফেরত পাঠানো হলো। কারবারি বাট্টা ২%, ডেবিট নোট নং–১৮৭।
এপ্রিল ১৭ লতিফ স্টোরস–কে প্রতি পাউন্ড ১৭০ টাকা করে ১৫ পাউন্ড চা পাতা নমুনা মাফিক না হওয়ায় ফেরত পাঠানো হলো। ডেবিট নোট নং–১৮৮।
এপ্রিল ২৪ রাশেদ এন্ড ব্রাদার্স–এর নিকট হতে প্রতি ডজন ১৮০ টাকা করে ৬ ডজন সাবান ফরমায়েশ অপেক্ষা বেশি সরবরাহ করায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৪%। ক্রেডিট নোট নং–১৬৬।

ক) এপ্রিল ৩ তারিখের ভিত্তিতে একটি ক্রেডিট নোট প্রস্তুত কর। ২
খ) উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে ফাতেমা স্টোরস্ এর একটি ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত কর। ৪
গ) উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে ফাতেমা স্টোরস্ এর একটি বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত কর। ৪

**১৬। জনাব সৈকত ১ জানুয়ারি ২০১৫ সালে নগদ ৮০,০০০ টাকা; ১,০০,০০০ টাকার যন্ত্রপাতি; ৩০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসের লেনদেনসমূহ নিম্নরূপ–**

জানুয়ারি ৩ কমিশন প্রদান করা হলো ১০০ টাকা।
জানুয়ারি ৯ জনাব সাইফুলের নিকট মোট বিক্রয় ১,৫০,০০০ টাকা (ধারে ৭০,০০০ টাকা)। কারবারি বাট্টা ৫%। চালান নং ৩০৫।
জানুয়ারি ১২ ৭% কারবারি বাট্টায় ১৮,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
জানুয়ারি ২০ জনাব সৈকত ব্যবসায়ে ১০,০০০ টাকা বিনিয়োগ করেন।
জানুয়ারি ২৩ নিম্নমানের কারণে জনাব সাইফুলের নিকট হতে ১৭,০০০ টাকার পণ্য ফেরত আসল। ক্রেডিট নোট নং ৪০৩।

ক) জনাব সৈকতের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২
খ) জানুয়ারির ২৩ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্রেডিট নোট প্রস্তুত কর। ৪
গ) জানুয়ারি মাসের ৩ থেকে ২০ তারিখ পর্যন্ত লেনদেনসমূহ সাধারণ জাবেদায় লিপিবন্ধ কর। ৪

**১৭। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ঢাকার আসবাবপত্র সরবরাহকারী প্রতিষ্ঠান 'নোভা ফার্নিচার্স' নগদ ১০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। উক্ত মাসের অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ:**

জানুয়ারি ২ খুলনা আলম ফার্নিচারের নিকট থেকে ৩০০ টাকা দরে ৫টি চেয়ার ক্রয় করা হলো। চালান নং – ১৪২।

জানুয়ারি ৩খুলনার মোর্শেদ ফার্নিচারের নিকট হতে প্রতিটি ৮০০ টাকা দরে ৩টি টেবিল এবং প্রতিটি ২৮০ টাকা দরে ৭টি চেয়ার ক্রয় করা হলো। কারবারি বাট্টা ৫%। চালান নং – ১৪৭।

জানুয়ারি ৪ ---------------- পরিবহন খরচ প্রদত্ত হলো ৩০০ টাকা।

জানুয়ারি ৭নমুনা অনুযায়ী না হওয়ায় মোর্শেদ এন্ড সন্সের নিকট ১টি টেবিল ও ২টি চেয়ার ফেরত পাঠানো হলো। ডেবিট নোট নং – ১২৯

জানুয়ারি ১০ ---------- জিয়ার নিকট নগদে ৩৫০ টাকা দরের ৫টি চেয়ার বিক্রয়।

জানুয়ারি ১৭ -------------রহিমের নিকট ২টি টেবিল বিক্রয় ৩,০০০ টাকা।

জানুয়ারি ২৫ -------------- মিস্ত্রিদের মজুরি দেয়া হলো ২,০০০ টাকা।

ক) জানুয়ারির ৭ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ডেবিট নোট প্রস্তুত কর। ২

খ) উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে নোভা ফার্নিচার্সের ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ) জানুয়ারির ২, ৩ ও ৭ তারিখ ব্যতীত অন্যান্য লেনদেনের জন্য জাবেদা বই প্রস্তুত কর। ৪

**১৮। স্মার্ট ভ্যারাইটি স্টোরস ২০১৫ সালের জুলাই মাসে নিম্নোক্ত পণ্য ক্রয় বিক্রয় করে :**

জুলাই ২**চৈতী জেনারেল স্টোরস, রাজশাহী হতে ক্রয় :** প্রতি বোতল ১৫০ টাকা দরে ১০০ বোতল হরলিকস, কারবারি বাট্টা ১০%। পরিবহন খরচ ৭৫০ এবং বিমা সেলামি ২৫০ টাকা। চালান নং ২০৭।

জুলাই ১৫**হবিগঞ্জের মোর্শেদ এন্ড সন্সের নিকট বিক্রয় :** প্রতি কেজি ২০ টাকা দরে ১০০ কেজি কোকো এবং প্রতি কৌটা ১০০ টাকা দরে ১০০ কৌটা হরলিকস, চালান নং–৩১০। কারবারি বাট্টা ১০%।

জুলাই ২৮**কোয়ালিটি স্টোরস, ফেনী হতে ক্রয়:** প্রতি কেজি ১২৫ টাকা দরে ১৫০ কেজি গুঁড়া দুধ, প্রতি কেজি ১৫ টাকা দরে ২০০ কেজি আটা, কারবারি বাট্টা ১৫%। প্যাকিং খরচ ২৫০ টাকা। চালান নং ২১২।

ক) জুলাই মাসে স্মার্ট ভ্যারাইটি স্টোসর এর ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ কত? ২

খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে স্মার্ট ভ্যারাইটি স্টোরসের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে স্মার্ট ভ্যারাইটিস স্টোরসের ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

# অধ্যায়-৭-খতিয়ান

**১৯। জনাব মনসুর আলী একজন পাইকারি ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০২১ সালে সেপ্টেম্বর মাসে কতিপয় লেনদেন নিম্নরূপঃ—**

সেপ্টেম্বর ১ মেসার্স রতন ব্রাদার্স–এর নিকট থেকে প্রতি লিটার ১২০ টাকা দরে ৩০০ লিটার সয়াবিন তেল ক্রয়। কারবারি বাট্টা ৪%। চালান নং ২০৫।

৮ শিকদার এন্ড সন্স–এর নিকট থেকে প্রতি বস্তা ২,০০০ টাকা দরে ৫০ বস্তা আটা ক্রয়। কারবারি বাট্টা ২%। চালান নং ২৪৫।

ক) জনাব মনসুর আলীর প্রতিষ্ঠানের লেনদেনগুলোর মোট কারবারি বাট্টার পরিমাণ কত? ২

খ) উপর্যুক্ত লেনদেনগুলোর ভিত্তিতে জনাব মনসুর আলীর ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে জনাব মনসুর আলীর সাধারণ খতিয়ান ও সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

**২০। মেসার্স রফিক ট্রেডার্সের ব্যবসায়ে ২০২১ সালের জুন মাসের ১ তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং আসবাবপত্রের ২০,০০০ টাকা উদ্বৃত্ত ছিল। জুন মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :**

জুন ১০ নগদ বিক্রয় ৫,০০০ টাকা।

" ১৫ আসবাবপত্রের অবচয় ধরে ২,০০০ টাকা।

" ২৫ কম্পিউটার ক্রয় ২০,০০০ টাকা।

ক) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে মেসার্স রফিক ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ) চলমান জের ছকে মুনাফাজাতীয় লেনদেনসমূহের হিসাব তৈরি করে উদ্বৃত্ত দেখাও। ৪

গ) ‘T’-ছকে নগদান হিসাব এবং আসবাবপত্র হিসাব তৈরি কর এবং উদ্বৃত্ত দেখাও। ৪

**২১। ২০২১ সালের জুন মাসের আনজু ট্রেডার্সের লেনদেনগুলো নিম্নরূপ:**

জুন– ৩ দেনাদারদের নিকট হতে প্রাপ্তি ১,২০,০০০ টাকা।

৭ ধারে পণ্য ক্রয় ৫৩,৫০০ টাকা।

১২ কবির স্টোর থেকে অফিসের জন্য নগদে চেয়ার ও টেবিল ক্রয় ২৫,০০০ টাকা।

২০ পাওনাদারকে চেকে পরিশোধ ১৬,০০০ টাকা।

ক) মাস শেষে দেনার পরিমাণ নির্ণয় কর। ২

খ)লেনদেনগুলোকে জাবেদায় লিপিবন্ধ কর। ৪

গ) আনজু ট্রেডার্সের নগদান হিসাব ও ক্রয় হিসাবের খতিয়ান চলমান জের ছকে প্রস্তুত কর। ৪

**২২। জনাব শহীদ একজন ব্যবসায়ী। সাভারের আশুলিয়ায় তার একটি নার্সারী আছে। সেখানে তিনি নানা ধরনের ফুল, ফল ও ঔষধি গাছের চারা উৎপাদন করেন। ২০১৪ সালের জুলাই মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয়।**

| | | | |
|---|---|---|---|
| জুলাই | ৫ | রহিম এর নিকট থেকে গাছ ও বীজ ক্রয় | ২৫,০০০ টাকা |
| ” | ১০ | রাশেদ এন্ড কোং এর নিকট নগদে বিক্রয় | ৩৭,০০০ টাকা |
| ” | ১৯ | গাছ ফেরত দেয়া হলো | ২,৫০০ টাকা |
| ” | ৩০ | কর্মচারীকে বেতন দেয়া হলো | ৪,৫০০ টাকা |
| ” | ৩১ | বিজ্ঞাপন ব্যয় | ১,৫০০ টাকা |

ক) জনাব শহীদের ৫ ও ১০ জুলাইয়ের লেনদেনগুলো জাবেদায় লিপিবন্ধ কর। ২

খ) ক্রয় হিসাব, নগদান হিসাব, ক্রয় ফেরত হিসাব T ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় কর। ৪

গ) রহিম হিসাব, বিক্রয় হিসাব, বেতন হিসাব ও বিজ্ঞাপন হিসাব চলমান জের ছকে লিপিবন্ধ কর। ৪

**২৩। জনাব হাসেম ২০১৩ সালের ১ জুলাই তারিখে নগদ ৭০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে তাঁর ব্যবসায়ের অন্যান্য লেনদেন ছিল:**

| | | |
|---|---|---|
| জুলাই | ২ | জনতা ব্যাংকে হিসাব খোলা হলো ১০,০০০ টাকা। |
| ” | ১০ | রুমির নিকট বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ১০,৫০০ টাকা। |
| ” | ১৫ | বাবুলের নিকট হতে ক্রয় ১২,০০০ টাকা। |
| ” | ২০ | বাবুলের নিকট পণ্য ফেরত পাঠানো হল ২,০০০ টাকা। |
| ” | ২৫ | কর্মচারী রায়হানের বেতন অপরিশোধিত রয়েছে, ৪,০০০ টাকা। |
| ” | ৩০ | দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়। |

ক) ২৫ ও ৩০ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা প্রদান কর। ২

খ) নগদান হিসাব, ক্রয় হিসাব 'T' ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় কর। ৪

গ) পাওনাদার হিসাব, ব্যাংক হিসাব চলমান জের ছকে লিপিবন্ধ কর।
৪

**২৪। জনাব জামাল একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে তাঁর ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তাঁর অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপঃ—**

| | | |
|---|---|---|
| জানুঃ | ০৩ | নগদে আসবাপত্র ক্রয় ৫৫,০০০ টাকা। |
| ” | ০৫ | নাজেমের নিকট চেকে বিক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ১৫ | ব্যাংকে জমা দেয়া হলো ৫,০০০ টাকা। |
| ” | ২০ | ঋণ গ্রহণ ২৫,০০০ টাকা। |

ক) জনাব জামালের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপর্যুক্ত ৩ থেকে ২০ তারিখের লেনদেনগুলো জনাব জামালের সাধারণ জাবেদায় লিপিবন্ধ কর। ৪

গ) চলমান জের ছকে জনাব জামালের নগদান হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

# অধ্যায়-৮-নগদান বই

**২৫। মি. হিরন একজন ক্ষুদ্র ব্যবসায়ী ২০১৫ সালের মে মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :**

মে ১ নগদ উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
মে ৩ সালামের নিকট থেকে নগদে ক্রয় ৩,০০০ টাকা।
মে ৫ চেকে মাল বিক্রয় ২,০০০ টাকা।
মে ১০ কেয়ার নিকট বিক্রয় ৫০০ টাকা।
মে ১৫ চেকে বিদ্যুৎ বিল প্রদান ১,৫০০ টাকা।
মে ১৭ মজুরি প্রদান ১,০০০ টাকা।
মে ২০ ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে ৫,০০০ টাকা উত্তোলন।
মে ২২ রিতার নিকট থেকে পণ্য ক্রয় ১,০০০ টাকা।
মে ২৫ আসবাবপত্র ক্রয় ২,০০০ টাকা।
মে ৩১ বেতন প্রদান ১,০০০ টাকা।

ক) মোট কত টাকার লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না? ২

খ) উপরিউক্ত লেনদেনগুলো থেকে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

গ) উপরিউক্ত লেনদেনগুলোর সাথে প্রারম্ভিক ব্যাংক জমা ১৫,০০০ টাকা বিবেচনায় এনে নগদ উদ্বৃত্ত ও ব্যাংক উদ্বৃত্ত নির্ণয় কর। ৪

**২৬। জনাব মাহমুদ আব্বাস-এর ব্যবসায়ে ২০১৫ সালের এপ্রিল মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :**

এপ্রিল ১ নগদ তহবিল ১৪,০০০ টাকা ও ব্যাংক জমা ২৮,০০০ টাকা।
এপ্রিল ৩ নগদে বিক্রয় ৮,০০০ টাকা ও ধারে বিক্রয় ৭,০০০ টাকা।
এপ্রিল ৮ ব্যাংকে জমা দেয়া হলো ৫,০০০ টাকা এবং নগদ ক্রয় ৫,০০০ টাকা।
এপ্রিল ১০ রাজুর নিকট থেকে ক্রয় ১২,০০০ টাকা এবং নগদ ক্রয় ৫,০০০ টাকা।
এপ্রিল ১২ বুশরাকে ৬,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে নগদ ৫,৭০০ টাকা প্রদান করা হলো।
এপ্রিল ১৫ ব্যক্তিগত প্রয়োজনে ২,০০০ টাকা এবং অফিসের প্রয়োজনে ৭,০০০ টাকা ব্যাংক থেকে উত্তোলন করা হলো।
এপ্রিল ২০ নিজ প্রয়োজনে কারবার থেকে ১০,০০০ টাকা উত্তোলন করা হলো।
এপ্রিল ২৫ সোহানের নিকট থেকে ৪,০০০ টাকার চেক পেয়ে ব্যাংকে জমা দেয়া হলো।
এপ্রিল ২৮ রনির নিকট থেকে ৭,৭৬০ টাকা পাওয়া গেল এবং বাট্টা মঞ্জুর করা হলো ২৪০ টাকা।
এপ্রিল ৩০ বিজ্ঞাপনের উদ্দেশ্যে ৫,০০০ টাকার পণ্য বিতরণ করা হলো।
এপ্রিল ৩০ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ২০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ১০০ টাকা।

ক) উপরিউক্ত লেনদেনগুলোর মধ্যে যে লেনদেনগুলো নগদান বহির অন্তর্ভুক্ত হবে না, সেগুলোর দাখিলা দেখাও। ২
খ) ১, ৮, ১০, ১৫, ২৫, ৩০ তারিখের লেনদেন দ্বারা একটি দুইঘরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ) জনাব মাহমুদ আব্বাসের লেনদেনগুলোর সাহায্যে তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

**২৭। মি. আবদুলণ্ডাহ ২০১৫ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়টি আরম্ভ করেন। এই মাসে তার কারবারে যে সকল লেনদেন সম্পন্ন হয় তা নিচে দেয়া হলো।**

জানুয়ারি ১ নগদ তহবিল ৫০,০০০ টাকা এবং ব্যাংক ও/ডি ৩০,০০০ টাকা।
জানুয়ারি ৩ বিক্রয় ৫০,০০০ টাকা নগদে ৫০% এবং চেকে ৩০%।
জানুয়ারি ৫ ক্রয় ৩০,০০০ টাকা নগদে ৫০% এবং চেকে ৫০% পরিশোধ।
জানুয়ারি ৮ মি তপনের কাছ থেকে ৫,০০০ টাকার একটি চেক পাওয়া গেল।
জানুয়ারি ১২ নওশীন এর নিকট থেকে তার ১০,০০০ টাকার দেনার ৫% বাট্টায় একটি চেক পাওয়া গেল। চেকটি সঙ্গে সঙ্গে ব্যাংকে জমা দেয়া গেল।
জানুয়ারি ১৫ তাহসিনকে তার ৫,০০০ টাকার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে নগদে ২,০০০ টাকা এবং ২,৫০০ টাকার একখানা চেক প্রদান।
জানুয়ারি ১৮ নওশীন এর চেক খানা ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হয়ে ফেরত আসল।
জানুয়ারি ২০ ব্যাংকে জমা দেয়া হলো ৮,০০০ টাকা।
জানুয়ারি ৩০ অফিসের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ৫,০০০ টাকা।
জানুয়ারি ৩১ ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ১,০০০ টাকা এবং ধার্য কৃত চার্জ ৫০০ টাকা।

ক) উপরিউক্ত লেনদেনগুলোর মধ্যে কন্ট্রা এন্ট্রির পরিমাণ নির্ণয় কর। ২
খ) উপরিউক্ত লেনদেনগুলোর আলোকে মি. আব্দুলণ্ডাহর মাস শেষে একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪
গ) হাতে ৫০০ টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দিলে নগদ তহবিল ও ব্যাংক তহবিলে যে পরিবর্তন আসবে তা তিনঘরা নগদান বই প্রস্তুতের মাধ্যমে দেখাও। ৪

**২৮। শৈকত এন্টারপ্রাইজের ২০১৫ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো নিম্নরূপ :**

জানুয়ারি ১ প্রারম্ভিক নগদ তহবিল ২,৫০,০০০ টাকা।
জানুয়ারি ২ ব্যাংকে জমা দেয়া হলো ১২,০০০ টাকা।
জানুয়ারি ৩ নগদ ক্রয় ১৩,০০০ টাকা।
জানুয়ারি ৪ নগদ বিক্রয় ২৫,০০০ টাকা।
জানুয়ারি ৭ শরিফের নিকট থেকে চেক পাওয়া গেল ৫,০০০ টাকা।
জানুয়ারি ৮ অফিসের জন্য ব্যাংক থেকে উত্তোলন ৪,০০০ টাকা।
জানুয়ারি ১৪ ফাহিমকে চেক দ্বারা পরিশোধ করা হল ২,০০০ টাকা।
জানুয়ারি ২৫ বেতন দেওয়া হলো ৭,০০০ টাকা, বাড়ি ভাড়া প্রদান করা হলো ২,০০০ টাকা।

ক) শৈকত এন্টারপ্রাইজের ২০১৫ সালের জানুয়ারি মাসে ব্যাংক লেনদেনের মোট পরিমাণ নির্ণয় কর। ২
খ) শৈকত এন্টারপ্রাইজের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ) উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে শৈকত এন্টারপ্রাইজের একটি উপযুক্ত নগদান বই তৈরি কর। ৪

**২৯। জনাব পারভেজ এর ২০১৫ সালের জুলাই মাসের লেনদেনগুলো নিম্নরূপ :**

জুলাই ১ নগদ জমার উদ্বৃত্ত ২৫,০০০ টাকা।
জুলাই ৫ পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
জুলাই ১০ চেকে মাল বিক্রয় ২,০০০ টাকা।
জুলাই ১২ পারভীনের নিকট বিক্রয় ১,০০০ টাকা।
জুলাই ১৫ চেকে বিদ্যুৎ বিল পরিশোধ ১,০০০ টাকা

জুলাই ২০ মজুরি প্রদান ১,৫০০ টাকা।
জুলাই ২৫ পিটারের নিকট থেকে পণ্য ক্রয় ২,০০০ টাকা।
জুলাই ৩১ মনিহারি দ্রব্য ক্রয় ১,০০০ টাকা।
ক) মোট কত টাকার লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না তা নির্ণয় কর। ২
খ) উপরিউক্ত লেনদেনগুলো থেকে একখানা একঘরা নগদান বই তৈরি কর। ৪
গ) উপরিউক্ত লেনদেনগুলোর সাথে প্রারম্ভিক ব্যাংক জমা ২৫,০০০ টাকা বিবেচনায় এনে দুইঘরা নগদান বহি প্রস্তুত কর। ৪

**৩০। জনাব হাবীবের ব্যবসায়ে ২০১৫ সালের জুলাই মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পন্ন হয়।**
জুলাই ১ হাতে নগদ ২৫,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট জের ৬,৫০০ টাকা।
জুলাই ৮ জামানের নিকট হতে ১০% বাট্টায় ৩,৬০০ টাকার চেক পাওয়া গেল।
জুলাই ১২ মামুনের ৬,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে নগদ ৫,৫০০ টাকা প্রদান।
জুলাই ১৩ মাছুমের নিকট ৮,০০০ টাকা পণ্য বিক্রয় করে ৫,০০০ টাকার একখানা চেক পাওয়া গেল এবং সংগে সংগে তা ব্যাংকে জমা দেয়া হলো।
জুলাই ২০ নোমানের নিকট হতে ২০০ টাকা বাট্টায় ২,৮০০ টাকার একখানা চেক পেয়ে তা রাশেদকে প্রদান করা হল।
জুলাই ২৫ ব্যাংক কর্তৃক সুদ চার্জ ২০০ টাকা।
ক) উপরিউক্ত তথ্যের আলোকে জনাব হাবীবের প্রদত্ত বাট্টা ও প্রাপ্ত বাট্টা কত হবে? ২
খ) জুলাই ৮, ১২ এবং ২৫ তারিখের ঘটনাগুলোর সাহায্যে জনাব হাবীবের জাবেদা প্রস্তুত কর। ৪
গ) উপরিউক্ত তথ্যাদির সাহায্যে জনাব হাবীবের উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

**৩১। ২০১৫ সালের ১ জানুয়ারি জনাব রাশিদ বেগম নগদ ৯০,০০০ টাকা, ৫০,০০০ টাকার পণ্য এবং ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা নিয়ে একটি ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :**
জানুয়ারি ২ ১৫,০০০ টাকার পণ্য বিক্রি করা হলো।
জানুয়ারি ৫ জীবন বিমার প্রিমিয়াম চেক মারফত প্রদান ৩,০০০ টাকা।
জানুয়ারি ১২ পৌর কর পরিশোধ ১,০০০ টাকা।
জানুয়ারি ২২ বিনিয়োগের সুদ প্রাপ্তি ১,৫০০ টাকা।
জানুয়ারি ২৩ নাভানা ফার্নিশার্স থেকে একটি আলমারি ও একটি শোকেস ক্রয় ২০,০০০ টাকা।
জানুয়ারি ৩০ ব্যাংক জমাতিরিক্তের অর্ধেক পরিশোধ করা হলো।
ক) কত টাকার লেনদেন নগদান বইতে হিসাবভুক্ত হবে না। ২
খ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪
গ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি উপর্যুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

**৩২। হাকিম ট্রেডার্স খুলনা ২০১৫ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :**
মার্চ ০১ হাতে নগদ ৭০,০০০ টাকা ও ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা।
মার্চ ০৫ মেঘনা ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
মার্চ ১০ যমুনা এন্ড কোং এর নিকট নগদে প্রতি ডজন ৬০ টাকা দরে ২৫০ ডজন কলম বিক্রয়।
মার্চ ১৫ সাহাদাৎ এর নিকট হতে পাওনা ৪,২৫০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪,০০০ টাকার চেক পেয়ে তা সাত্তারকে প্রদান।
মার্চ ২৫ ব্যাংকে জমা দেওয়া হলো ২৫,০০০ টাকা।
মার্চ ৩১ কর্মচারীদের বেতন প্রদান ১২,০০০ টাকা।
ক) উপর্যুক্ত তথ্যের আলোকে হাকিম ট্রেডার্সের চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ) উপর্যুক্ত ১০ মার্চ তারিখের তথ্য থেকে যথাযথ ছক ব্যবহার করে একটি ক্যাশমেমো তৈরি কর। ৪
গ) উপর্যুক্ত তথ্যাদির আলোকে হাকিম ট্রেডার্সের একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

**৩৩। জনাব সিয়াম তার ব্যবসায়ে ২০১৫ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পন্ন করেন।**
জানুয়ারি ১ নগদ ১,০০,০০০ টাকা ও ৪,০০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসা আরম্ভ করেন।
জানুয়ারি ৫ পণ্য বিক্রয় ২,০০,০০০ টাকা।
জানুয়ারি ৭ নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
জানুয়ারি ১০ পণ্য বিক্রয় করে চেক প্রাপ্তি ১০,০০০ টাকা।
জানুয়ারি ১৫ চেকে কর্মচারীদের বেতন প্রদান ৫,০০০ টাকা।
জানুয়ারি ২০ ১০ তারিখের চেকটি প্রত্যাখ্যাত হলো।
জানুয়ারি ২৫ ব্যাংক থেকে উত্তোলন ২৫,০০০ টাকা।
জানুয়ারি ২৭ রাকিবের নিকট হতে প্রাপ্তি ৬,০০০ টাকা।
জানুয়ারি ৩০ ব্যাংকে জমা দেওয়া হলো ৬,৫০০ টাকা।
ক) জনাব সিয়ামের ব্যবসায় কন্ট্রা এন্ট্রির পরিমাণ কত? ২

খ) উপর্যুক্ত লেনদেনগুলো জনাব সিয়ামের নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেন দ্বারা জনাব সিয়ামের একটি উপর্যুক্ত নগদান বই তৈরি কর। ৪

**৩৪। মা ট্রেডার্স এর কতিপয় লেনদেন নিম্নরূপঃ**

২০১৫

জানুয়ারি ১ হাতে নগদ ৩০,০০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা।

জানুয়ারি ৫ পণ্য ক্রয় ২০,০০০ টাকা।

জানুয়ারি ৭ চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।

জানুয়ারি ১০ ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ২,০০০ টাকা এবং অফিসের প্রয়োজনে ৫,০০০ টাকা উত্তোলন করা হলো।

জানুয়ারি ১৫ জলিলের পাওনা ৫,০০০ টাকার পূর্ণ নিস্পত্তিতে নগদ ৩,০০০ টাকা এবং ১,৮০০ টাকার চেক প্রদান করা হলো।

জানুয়ারি ২০ ২০% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য ক্রয় করে ৫০% টাকা নগদে প্রদান করা হলো।

জানুয়ারি ২৫ কামাল এর দেনার ৫,০০০ টাকার পূর্ণ নিস্পত্তিতে ১০% বাট্টায় চেক প্রাপ্তি।

ক) জানুয়ারি মাসের শুরুতে মা ট্রেডার্স-এর সম্পদের পরিমাণ কত? ২

খ) ১, ৫, ৭ ও ১০ তারিখের লেনদেন অবলম্বনে দুই ঘরা নগদান তৈরি বই কর। ৪

গ) প্রারম্ভিক নগদ জমা ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা ধরে ১৫, ২০ ও ২৫ তারিখের লেনদেন অবলম্বনে মা ট্রেডার্স-এর উপর্যুক্ত নগদান বই তৈরি করে উদ্বৃত্ত দেখাও। ৪

# অধ্যায়-৯-রেওয়ামিল

**৩৫। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব জায়েদের ব্যবসায় প্রতিষ্ঠানের খতিয়ানের জেরগুলো ছিল নিম্নরূপঃ**

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ৫০,০০০ | প্রারম্ভিক মজুদ | ২০,০০০ |
| বিক্রয় | ১,০০,০০০ | যন্ত্রপাতি | ২৫,০০০ |
| পাওনা | ৫০,০০০ | ভূমি | ১,০০,০০০ |
| দেনা | ৪০,০০০ | নগদ তহবিল(৩১-১২-২০২২) | ৫,০০০ |
| ব্যাংক ও/ডি | ১০,০০০ | অগ্রিম ভাড়া | ৭,০০০ |
| নগদ তহবিল (১-১-২০২২) | ১০,০০০ | উপভাড়া | ১০,০০০ |
| বন্ধকি ঋণ | ৭০,০০০ | মাহিনা | ১৫,০০০ |
| প্রাপ্য কমিশন | ৩,০০০ | অফিস সরঞ্জাম | ২৫,০০০ |
| কুঋণ | ৫,০০০ | মূলধন | ৭৫,০০০ |
| সমাপনী মজুদ | ১০,০০০ | | |

ক) সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ) সমন্বিত ক্রয়ের জের ধরে উপরিউক্ত খতিয়ানের জেরগুলো অবলম্বনে জনাব জায়েদের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ) জনাব জায়েদের ব্যবসায়ের মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর । ৪

**৩৬। রুনা এন্টারপ্রাইজ এর ২০২১ সালের ২১শে ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :**

মূলধন ৯০,০০০ টাকা; ক্রয় ৩৬,০০০ টাকা; আন্তঃপরিবহন ৯,৯০০ টাকা; বহিঃপরিবহন ২,৪০০ টাকা; প্রদেয় বিল ৬,০০০ টাকা; বহিঃফেরত ৫০০ টাকা; ভাড়া ও কর ১,২০০ টাকা; কলকজা ও যন্ত্রপাতি ১০,৭০০ টাকা; মজুদ পণ্য (১-১-২০২১) ১৫,৫০০ টাকা; দেনাদার ২০,৭০০ টাকা; পাওনাদার ১৬,০০০ টাকা; হাতে নগদ (৩১-১২-২০২১) ১,৯০০ টাকা; ব্যাংকে জমা (১-১-২০২১) ৫,০০০ টাকা; আসবাবপত্র ৪,১০০ টাকা; নগদ তহবিল (১-১-২০২১) ৬,০০০ টাকা; ব্যাংকে জমা (৩১-১২-২০২১) ১০,১০০ টাকা সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা।

ক) উপর্যুক্ত তথ্য হতে যেগুলো রেওয়ামিলে আসবে না তার পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তগুলো দিয়ে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই কর। ৪

গ) রুনা এন্টারপ্রাইজের মোট স্থায়ী সম্পত্তি, মোট চলতি সম্পত্তি ও মোট চলতি দায় পরিমাণ নির্ণয় কর। ৪

**৩৭। হৃদয় এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :**

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| পণ্য ক্রয় | ৬৬,০০০ | প্রদেয় বিল | ৩৩,০০০ |
| মূলধন | ৮৮,০০০ | সাধারণ সঞ্চিতি | ৩৩,০০০ |
| বিবিধ দেনাদার | ৪৮,৪০০ | মজুদ পণ্য (৩১-১২-২২) | ১৩,২০০ |
| নগদ তহবিল | ১৭,৬০০ | আয়কর | ৫,০০০ |
| ব্যাংক তহবিল | ২৮,৬০০ | লভ্যাংশ প্রাপ্তি | ৫,০০০ |
| যন্ত্রপাতি | ৪৪,২০০ | বিমা সেলামি | ২,০০০ |
| বহিঃফেরত | ৪,৪০০ | | |
| বকেয়া বেতন | ৪,৪০০ | | |
| পণ্য বিক্রয় | ৮৩,৬০০ | | |

| | | | |
|---|---|---|---|
| নগদ তহবিল(০১-০১-২২) | ১৭,৬০০ | | |
| উত্তোলন | ১৩,২০০ | | |
| আসবাবপত্র | ২৬,৪০০ | | |

ক) যে লেনদেনগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার সমষ্টি নির্ণয় কর। ২
খ) উক্ত প্রতিষ্ঠানের খতিয়ান উদ্বৃত্তগুলো থেকে রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ) হৃদয় এন্টারপ্রাইজের সম্পদ ও উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ৪

**৩৮। মেসার্স দিপুর এন্ড কোং এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ:**
প্রারম্ভিক মজুদ পণ্য ৪০,০০০ টাকা; মনিহারি ৩,০০০ টাকা; প্রদত্ত ঋণের সুদ ৫,০০০ টাকা; অগ্রিম শিক্ষানবিস ভাতা ৪,০০০ টাকা; প্রাথমিক ব্যাংক আমানত ৩০,০০০ টাকা; কুঋণ ২,০০০ টাকা; সমাপনী মজুদ পণ্য ২৫,০০০ টাকা; মূলধনের সুদ ৩,০০০ টাকা; বিক্রয় ৭৫,০০০ টাকা; হাতে নগদ ১৫,০০০ টাকা; বিনিয়োগ সুদ ৮,০০০ টাকা; প্রাপ্য দস্তুরি ৪,০০০ টাকা; ঋণ ৬০,০০০ টাকা; উপভাড়া ১,০০০ টাকা; যন্ত্রপাতি ৬৩,০০০ টাকা; বিলম্বিত বিজ্ঞাপন ১৫,০০০ টাকা।
ক) উপর্যুক্ত তথ্য থেকে মোট চলতি সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২
খ) উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্ত দ্বারা রেওয়ামিল তৈরি কর। ৪
গ) খতিয়ান উদ্বৃত্তগুলো হতে মুনাফা জাতীয় ব্যয় ও আয়ের পার্থক্য নির্ণয় কর। ৪

**৩৯। জিদান এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩১ শে ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :**

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ৩৬,০০০ | ভাড়া ও কর | ১,০০০ |
| মূলধন | ৭৬,০০০ | কলকব্জা ও যন্ত্রপাতি | ১২,০০০ |
| উত্তোলন | ৪,০০০ | মজুদ পণ্য (১.১.২০২১) | ১৫,০০০ |
| বিক্রয় ফেরত | ১,০০০ | বিবিধ দেনাদার | ৬,০০০ |
| প্রাপ্য বিল | ৩,০০০ | বিবিধ পাওনাদার | ১১,০০০ |
| ৫% কর্জ | ১০,০০০ | হাতে নগদ (১.১.২০২১) | ২,৮০০ |
| আন্তঃপরিবহন | ৫,৫০০ | ব্যাংক জমা (১.১.২০২১) | ৪,০০০ |
| বহিঃপরিবহন | ২,৬০০ | আসবাবপত্র | ৩,২০০ |
| প্রদেয় বিল | ৪,৫০০ | ব্যাংক উদ্বৃত্ত (৩১.১২.২০২১) | ৮,০০০ |
| বহিঃফেরত | ৪,০০০ | মজুদ পণ্য (৩১.১২.২০২১) | ৯,০০০ |

ক) উপর্যুক্ত যেসব খতিয়ান উদ্বৃত্ত রেওয়ামিলে বসবে না সেগুলোর তালিকা প্রস্তুত কর। ২
খ) বছর শেষে জিদান এন্টারপ্রাইজের মোট দায় ও মোট সম্পদের পরিমাণ কত টাকা তা নির্ণয় কর। ৪
গ) ২০২১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে জিদান এন্টারপ্রাইজের একটি রেওয়ামিল তৈরি কর। ৪

**৪০। মি. জাহিদের ২০২৩ সালের ৩০ শে জুন তারিখে খতিয়ান হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ :**
মূলধন ৮০,০০০ টাকা; সঞ্চিতি তহবিল ১৪,০০০ টাকা; পাওনা ১৫,০০০ টাকা; সুনাম ১০,০০০ টাকা; হাতে নগদ (০১-০৭-২২) ১৫,০০০ টাকা; দেনা ১৪,০০০ টাকা; উত্তোলন ১০,০০০ টাকা; ক্রয় ৩০,০০০ টাকা; বিক্রয় ৪৫,০০০ টাকা; বিনিয়োগের সুদ ৩,০০০ টাকা; মজুদ পণ্য (৩০-০৬-২২) ১২,০০০ টাকা; সমাপনী ব্যাংক জমা ৬,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ পণ্য ২৫,০০০ টাকা; আসবাবপত্র ৪০,০০০ টাকা; ব্যাংক জমার সুদ ১,৫০০ টাকা; কমিশন প্রাপ্তি ১,০০০ টাকা; শিক্ষানবিস সেলামি ১,০০০ টাকা; শুল্ক ৩,৫০০ টাকা; অগ্রিম বেতন ৫,০০০ টাকা; বিনিয়োগ ১৫,০০০ টাকা।
ক)রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২
খ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ) উক্ত তথ্যের ভিত্তিতে মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

**৪১। মেসার্স খন্দকার এন্ড কোং-এর হিসাবরক্ষক কর্তৃক প্রস্তুতকৃত রেওয়ামিলটিতে কিছু অসামঞ্জস্য পরিলক্ষিত হয়। এই ত্রুটিপূর্ণ রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হলো।**

| ক্র. নং | হিসাবের নাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মজুদ পণ্য (১-১-২০২২) | | ৬৮,০০০ | |
| ২. | পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | | ২,০০,০০০ | ২,৮০,০০০ |
| ৩. | বেতন ও বরাদ্দকৃত বাট্টা | | ২৪,০০০ | ২০,০০০ |
| ৪. | পাওনাদার ও ব্যাংক জমার উদ্বৃত্ত | | ৮০,০০০ | ৯০,০০০ |
| ৫. | দেনাদার ও মূলধন | | ৩২,০০০ | ১,২৪,০০০ |
| ৬. | আন্তঃফেরত ও বহির্মুখী বহন খরচ | | ৬,০০০ | ১০,০০০ |
| ৭. | প্রদেয় বিল ও গৃহীত ঋণ | | ৪০,০০০ | ২৬,০০০ |
| ৮. | দালানকোঠা | | ১,১০,০০০ | |
| ৯. | শিক্ষানবিস সেলামি | | | ১০,০০০ |
| | | | ৫,৬০,০০০ | ৫,৬০,০০০ |

ক) মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২

খ) উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি শুদ্ধ রেওয়ামিল প্রস্তুত কর। ৪

**৪২। মি. রায়হানের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :**

মজুদ পণ্য (১.১.২০২২) ৩০,০০০ টাকা, হাতে নগদ (১.১.২০২২) ২,০০০ টাকা, ক্রয় খতিয়ানের জের ৩০,০০০ টাকা, বেতন ৪০,০০০ টাকা, প্রদেয় বিল ১০,০০০ টাকা, ২০% বিনিয়োগ ৬০,০০০ টাকা, ক্রয় ২,০০,০০০ টাকা, ১০% বন্ধকি ঋণ ৫০,০০০ টাকা, বিক্রয় ২,৫০,০০০ টাকা, প্রাপ্য বিল ২০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ৫০,০০০ টাকা, বিজ্ঞাপন ১০,০০০ টাকা, আসবাবপত্র ১,১৫,০০০ টাকা, ভাড়া ১০,০০০ টাকা, ব্যাংক জমা (১.১.২০২২) ৪৫,০০০ টাকা, মূলধন ১,৪০,০০০ টাকা, পরিবহন ৫,০০০ টাকা, হাতে নগদ (৩১.১২.২০২২) ৪০,০০০ টাকা, মজুদ পণ্য (৩১.১২.২০২২) ৫০,০০০ টাকা।

ক) মি. রায়হানের রেওয়ামিলে কোন উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ দেখাও। ২

খ) উপর্যুক্ত উদ্বৃত্তগুলো মি. রায়হানের ব্যবসায়ের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ) মি. রায়হানের এর চলতি সম্পদ ও স্বল্প মেয়াদি দায়ের পার্থক্য দেখাও। ৪

**৪৩। নজরুল ইসলামের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার হিসাব খতিয়ানের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপঃ**

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ | ৩০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত (প্রারম্ভিক) | ১৫,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২২,৫০০ | ব্যাংকে জমা (সমাপনী) | ২৭,০০০ |
| ক্রয় | ৬০,০০০ | দেনাদার | ৩৭,৫০০ |
| বিক্রয় | ৬৩,০০০ | পাওনাদার | ১৮,০০০ |
| মনিহারি | ১০,৫০০ | ডাক চার্জ | ৩,০০০ |
| প্রাপ্ত লভ্যাংশ | ৪,৫০০ | প্রারম্ভিক মূলধন | ১,০৫,০০০ |
| সুনামের অবলোপন | ৬,০০০ | সমাপনী মূলধন | ১,৩৫,০০০ |
| ইজারা সম্পত্তির অবলোপন | ৭,৫০০ | লগ্নিপত্রের বকেয়া সুদ | ৩,০০০ |
| বিলম্বে পণ্য সরবরাহের ক্ষতিপূরণ | ৬,০০০ | | |

ক) কোন কোন দফাগুলো রেওয়ামিলে আসে না তার পরিমাণ নির্ণয় কর। ২

খ) চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ কত? ৪

গ) উপরোক্ত খতিয়ানের উদ্বৃত্তগুলো থেকে রেওয়ামিল প্রস্তুত কর। ৪